

## মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।

স্মারক নম্বর: ২৮.১৭.০০০.০০০.১১১.০৪.০০০১.২৪

তারিখ: ১৭-০৯-২০২৫

### প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল) এর পক্ষে উচ্চ আদালত (মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ), অধস্তন আদালতে (দেওয়ানী ও ফৌজদারী, প্রশাসনিক ট্রাইবুনালে) মামলা দায়ের, মামলা প্রতিদ্বন্দ্বিতা/পরিচালনা, তদারকি এবং বিভিন্ন বিষয়ে আইনগত মতামত ও চুক্তি-ভেটিং ইত্যাদি প্রদানের জন্য নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিজ্ঞ আইনজীবী এর নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	বয়স
প্যানেল আইনজীবী (উচ্চ আদালত)	সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রীধারী হতে হবে। বার কাউন্সিল প্রদত্ত সনদ থাকতে হবে এবং আইন পেশার জন্য সংশ্লিষ্ট বারের সদস্য হতে হবে।	মামলা পরিচালনার কাজে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে আপিল বিভাগে মামলা পরিচালনার অনুমতি থাকলে অগ্রাধিকার দেয়া হবে।	অনূর্ধ্ব ৬০ বৎসর তবে, অবসর প্রাপ্ত জেলা জজ/ অতি. জেলা জজ-এর ক্ষেত্রে ৬৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
প্যানেল আইনজীবী (অধস্তন আদালত) দিনাজপুর, ঢাকা জেলার জন্য।	সরকার কর্তৃক স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম এলএলবি ডিগ্রীধারী হতে হবে। বার কাউন্সিল প্রদত্ত সনদ থাকতে হবে এবং আইন পেশার জন্য সংশ্লিষ্ট বারের সদস্য হতে হবে।	অধস্তন আদালতে মামলা পরিচালনায় ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।	অনূর্ধ্ব ৬০ বৎসর তবে, অবসর প্রাপ্ত জেলা জজ/ অতি. জেলা জজ-এর ক্ষেত্রে ৬৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

#### শর্তাবলি:

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- প্যানেল আইনজীবী প্যানেলভুক্তির মেয়াদকাল ০২(দুই) বছর বলবৎ থাকবে। তবে, কোম্পানি প্রয়োজনে প্যানেলের মেয়াদ হ্রাস/বৃদ্ধি করতে পারবে;
- নির্বাচিত প্যানেল আইনজীবী এমজিএমসিএল-এর স্বার্থ সংশ্লিষ্ট এমন কোনো মামলায় কোম্পানির বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;
- প্যানেল আইনজীবী/আইনজীবীগণ কোম্পানির স্বার্থ রক্ষার্থে তাদের উপর ন্যস্ত দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হলে কোম্পানি সচিব ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক করে তাকে/তাদেরকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করতে পারবেন;
- উচ্চ আদালতের প্যানেল আইনজীবী/আইনজীবীগণের নিয়োগের ক্ষেত্রে অনার্সসহ-এলএলএম/বার-এট-ল' ডিগ্রী তৎসহ উচ্চ আদালত-এ মামলা পরিচালনা কিংবা পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানি/কোম্পানিসমূহে আইনজ্ঞ হিসেবে অভিজ্ঞ প্রার্থীদের পেশাগত অভিজ্ঞতা শিথিলযোগ্য;

চলমান পাতা-২

- চ) আবেদনকারী আইনজীবীকে প্রশাসনিক ট্রাইব্যুনাল/সার্ভিস মেটর, শ্রম আইন, কোম্পানি আইন, বাণিজ্যিক আইন, চুক্তি আইন, সরকারি/করপোরেশন সার্ভিস রুলস, ভূমি আইন, সরকারি পাওনা আদায় আইন, শেয়ার ও সিকিউরিটিজ প্রকৃতি বিষয়ে এককভাবে মতামত প্রদান ও মামলা পরিচালনায় অভিজ্ঞ হতে হবে;
- ছ) নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবী/আইনজীবীগণের মামলা পরিচালনার আইনগত মতামত/ চুক্তি ভেটিং ইত্যাদি জন্য ফি কোম্পানির অনুমোদিত **Schedule of Fees for Legal Adviser and Panel Advocates for MGMCL** অনুযায়ী প্রদান করা হবে। তবে, পেশাগত ফি সরকার কর্তৃক নির্ধারিত হারে ভ্যাট ও ট্যাক্স (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে। **Schedule of Fees for Legal Adviser and Panel Advocates for MGMCL** -এর কপি মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর প্রধান কার্যালয়, মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর এবং ঢাকা লিয়াজুঁ অফিস [পেট্রোসেন্টার (লেভেল-১৪), ৩ কাওরান বাজার, ঢাকা] হতে সংগ্রহ করা যাবে;
- জ) অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী চূড়ান্তভাবে নির্বাচিত প্যানেল আইনজীবী/আইনজীবীগণের নিয়োগপত্রে উল্লেখ করা হবে;
- ঝ) আবেদনপত্রে (১) আবেদনকারীর নাম, (২) পিতা/স্বামীর নাম, (৩) মাতার নাম, (৪) স্থায়ী ও বর্তমান/চেম্বরের ঠিকানা (ফোন নাম্বার ও ই-মেইল আইডিসহ), (৫) জন্ম তারিখ, (৬) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ, (৭) মাননীয় আপিল বিভাগ/হাইকোর্ট বিভাগ এবং জেলা ও দায়রা জজ কোর্টে আইনজীবী হিসেবে তালিকাভুক্তির সনদ ও সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্যভুক্তির তথ্য, (৮) অভিজ্ঞতা এবং (৯) অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে সে প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে;
- ঞ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি (রঙিন)ছবি, আবেদন পত্রে উল্লিখিত তথ্যের স্বপক্ষে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (বিবরণ ও এর সপক্ষে সাপোর্টিং ডকুমেন্টসমূহ) সনদের কপি, ইউনিয়ন/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্বের কপি ও জাতীয় পরিচয়পত্রের কপি দাখিল করতে হবে;
- ট) আবেদনপত্র 'কোম্পানি সচিব, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড; মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর' বরাবরে আগামী ৩০-১০-২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে পৌঁছাতে হবে এবং খামের উপর সংশ্লিষ্ট আদালত-এর নাম উল্লেখ করতে হবে। হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না;
- ঠ) নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না;
- ড) প্রার্থীদের বয়স ০১-১০-২০২৫ তারিখে ৬০ বৎসরের অধিক হতে পারবে না। তবে, অবসর প্রাপ্ত জেলা জজ/ অতি. জেলা জজ-এর ক্ষেত্রে ৬৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য;
- ঢ) মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী প্যানেলভুক্তির বিষয়ে এমজিএমসিএল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- ণ) এই নিয়োগ বিজ্ঞপ্তিটি কোম্পানি ও পেট্রোবাংলার ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

  
১৭-০৯-২০২৫  
কোম্পানি সচিব

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড  
মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।